একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

**অফিসঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা**

পত্র নংঃ আশিবো/প্রশা/২০১০/৮৬ তারিখঃ ১৯/০৭/২০২৬ খ্রি.

**<u>বিষয়: ট্রেজারি থেকে প্রশ্নপত্রের সিকিউরিটি খাম বের করার পূর্বে খামের মুখ বন্ধ না করা প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাচ্ছি, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় থেকে মুদ্রিত প্রশ্নপত্র কেন্দ্রভিত্তিক ফয়েল খামে সংরক্ষণ করে ট্রাংকের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার ট্রেজারিতে প্রেরণ করা হয়। পরবর্তীতে পরীক্ষার তারিখ অনুযায়ী প্রশ্নপত্র বাছাই (Sorting) করে সিকিউরিটি খামে সংরক্ষণ করা হয়।

লক্ষ্য করা যাচ্ছে যে, প্রশ্নপত্র বাছাইয়ের পরই সিকিউরিটি খামের মুখ বন্ধ করে দেওয়ার কারণে পরীক্ষার দিন ট্রেজারি হতে প্রশ্নপত্র গ্রহণের সময় ট্রেজারি কর্মকর্তা খামের ভেতরে সংশ্লিষ্ট তারিখ, বিষয় ও কেন্দ্রের প্রশ্নপত্র সঠিকভাবে রয়েছে কিনা তা যাচাই করার সুযোগ পান না। এর ফলে ভুল প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরিত হয়ে ভুল প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ঝুঁকি থেকে যায়।

এমতাবস্থায়, পরীক্ষার দিন ট্রেজারি হতে প্রশ্নপত্র ট্যাগঅফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা গ্রহণের সময় ট্রেজারি কর্মকর্তার উপস্থিতিতে সিকিউরিটি খাম খুলে সংশ্লিষ্ট তারিখ, বিষয়, পত্র ও কেন্দ্রের প্রশ্নপত্র যথাযথভাবে যাচাই করতে হবে। যাচাই শেষে ট্রেজারি কর্মকর্তার সম্মুখেই সিকিউরিটি খামের মুখ বন্ধ করে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে।

প্রশ্নপত্রের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ভুল প্রশ্নপত্র বিতরণের সম্ভাবনা সম্পূর্ণরূপে প্রতিরোধের লক্ষ্যে বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**<u>বিষয়টি অতীব জরুরি</u>।**

20/07/2026

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২-৯৬১৫২৩৫

জেলা প্রশাসক
সকল জেলা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, এইচএসসি পরীক্ষা ২০২৬-এর সকল কেন্দ্রসমূহ
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।